প্রবাসী কল্যাণ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

কেন্দ্রীয় হিসাব বিভাগ

পরিপত্র নং-১০/২০১৯ তারিখ: ১১.০৬.২০১৯খ্রি:

বিষয় ঃ প্রবাসী কল্যাণ ব্যাংকের ২০১৮-১৯ অর্থ-বছরের বার্ষিক হিসাব সমাপনী সংক্রান্ত পরিপত্র ।

২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক মেয়াদ আগামী ৩০.০৬.২০১৯ তারিখে উত্তীর্ণ হবে। ব্যাংকের বার্ষিক হিসাব ০১.০৭.২০১৮ তারিখ থেকে ৩০.০৬.২০১৯ ভিত্তিক ৩০.০৬.২০১৯ তারিখে সমাপন করতে হবে। ব্যাংকের প্রচলিত হিসাব খাত অনুযায়ী ৩০.০৬.২০১৯ তারিখে একটি করে **"সমাপনী পূর্ব ও সমাপনী উত্তর"** বৈষয়িক বিবরনী প্রস্তুত করতে হবে।

২.০ হিসাব সমাপনের কাজ যথাযথ ও নির্ভুলভাবে সম্পাদনের সুবিধার্থে কিছু দিক নির্দেশনা দেয়া হলো ঃ

২.১ সঞ্চয়ী ও স্টাফ ডিপোজিট আমানতঃ সকল সঞ্চয়ী ও স্টাফ ডিপোজিট আমানত হিসাবে প্রতি মাসের সর্বনিম্ন স্থিতির উপর ০১.০১.২০১৯ হতে ৩০.০৬.২০১৯ তারিখ পর্যন্ত ৩% হারে সুদ প্রদান করতে হবে। সর্বনিম্ন ১০০.০০ (একশত) টাকা বা তদুর্দ্ধ যে কোন অংকের আমানতের স্থিতির উপর সুদ প্রদান করতে হবে। সুদ পূর্ণ টাকায় প্রদান করতে হবে এবং এক টাকার কম হলে সুদ হিসাবভুক্ত করা যাবে না। ভাউচার পদ্ধতি নিম্নরূপঃ

ডেবিট	বিবরণ	ক্রেডিট
আমানতের উপর প্রদত্ত সুদ (৪০০০৯০২০১)		সঞ্চয়ী/স্টাফ ডিপোজিট আমানত (২০০০৪০১০০)
		উৎসে কর (২০০০৪১০০৩) (১০%/১৫%)

ব্যাংকিং সফটওয়ারে ৩০.০৬.২০১৯ তারিখে অটো মুনাফা হিসাবায়ন হবে বিধায় শাখাসমূহ সফটওয়ারের Reports মডিউলে গিয়ে Interest Charge list (Savings/Staff Deposit) প্রিন্ট করে উপরোল্লিখিত নিয়মে ভাউচার করতে হবে। উৎসে কর প্রধান কার্যালয় কর্তৃক জমা প্রদান করা হবে বিধায় ৩০.০৬.২০১৯তারিখে উৎসে কর সফটওয়ারে পোষ্টিং এর মাধ্যমে প্রধান কার্যালয়ে স্থানান্তর করে নিম্নরুপ ভাউচার করতে হবে। ভাউচার পদ্ধতি নিম্নরূপঃ

ডেবিট	বিবরণ	ক্রেডিট
প্রদেয় হিসাব (উৎসে কর) (২০০০৪১০০৩)		আন্তঃব্যাংক হিসাব (প্রঃ কাঃ) (১৯৯৯৯৯৯৯৯)

২.২ সঞ্চয়ী আমানত ও স্টাফ ডিপোজিট হিসাবে উৎসে কর কর্তন ঃ

(ক) ০১.০১.২০১৯ হতে ৩০.০৬.২০১৯ তারিখ পর্যন্ত সময়ে গ্রাহকের হিসাবে মুনাফা প্রদানকালে নিম্নোক্ত ক্ষেত্রে প্রদত্ত সুদের উপর ১০% বা ১৫% হারে উৎসে কর কর্তন করতে হবে-

- ❖ যে সব গ্রাহকের করদাতা সনাক্তকরণ (টিআইএন) রয়েছে এবং তাদের সংশ্লিষ্ট কর সার্কেল হতে ইস্যুকৃত টিআইএন সনদপত্র ব্যাংকে দাখিল করেছেন সেক্ষেত্রে ১০%।

(খ) ০১.০১.২০১৯ হতে ৩০.০৬.২০১৯ তারিখ পর্যন্ত সময়ে গ্রাহকের হিসাবে মুনাফা প্রদানকালে নিম্নোক্ত ক্ষেত্রে প্রদত্ত সুদের উপর ১৫% হারে উৎসে কর কর্তন করতে হবে-

- ❖ যে সব গ্রাহকের করদাতা সনাক্তকরণ (টিআইএন) রয়েছে এবং তাদের সংশ্লিষ্ট কর সার্কেল হতে ইস্যুকৃত টিআইএন সনদপত্র ব্যাংকে দাখিল করেন নাই সেক্ষেত্রে ১৫%।

২.৩ মেয়াদী আমানত হিসাব ঃ অত্র ব্যাংকে যে সকল ব্যক্তি/প্রতিষ্ঠানের নামে মেয়াদী আমানত হিসাব পরিচালিত হচ্ছে সে সকল মেয়াদী আমানতের উপর ৩০.০৬.২০১৯ পর্যন্ত প্রযোজ্য হারে সুদ হিসাব করে প্রভিশন অনুযায়ী সুদ প্রদান করতে হবে। ভাউচার পদ্ধতি নিম্নরূপঃ

ডেবিট	বিবরণ	ক্রেডিট
মেয়াদী আমানতের উপর প্রদত্ত মুনাফা (৪০০০৯০২০১)		প্রদেয় সুদ হিসাব (২০০০৮০০০৬ (Interest Payble) (সংশ্লিষ্ট মেয়াদী আমানত হিসাব)

বিভিন্ন তফসিলি ব্যাংকে অত্র ব্যাংকের নামে রক্ষিত মেয়াদী আমানতের ৩০.০৬.২০১৯ তারিখ ভিত্তিক হিসাব বিবরণী সংগ্রহ করে যে সকল মেয়াদী আমানতের ৩০.০৬.২০১৯ তারিখে মেয়াদপূর্তি হয়নি কিন্তু মেয়াদী আমানতে সুদ হিসাবভুক্ত করা আছে সে সকল মেয়াদী আমানতের হিসাব সমাপনী তারিখে সুদ হিসাবায়নপূর্বক নিম্নরূপভাবে ভাউচার করতে হবে। ভাউচার পদ্ধতি নিম্নরূপঃ

ডেবিট	বিবরণ	ক্রেডিট
মেয়াদী আমানত হিসাব (১০০০২১০০০)		মেয়াদী আমানতের উপর প্রাপ্ত মুনাফা
(সংশ্লিষ্ট ব্যাংকের আমানত হিসাব)		(৪০০০৯০২০১)

প্রবাসী কল্যাণ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
কেন্দ্রীয় হিসাব বিভাগ

২.৪ বিনিয়োগ হিসাব ঃ যে সকল ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে অত্র ব্যাংকের নামে এফডিআর খোলা রয়েছে, তবে ৩০.০৬.২০১৯ তারিখে হিসাব সুদ হিসাবভুক্ত করা হয়নি সে সকল এফডিআরের বিপরীতে ৩০.০৬.২০১৯ তারিখ পর্যন্ত অর্জিত মুনাফা হিসাবায়নপূর্বক নিম্নরুপ ভাউচার করতে হবে-

ডেবিট	বিবরণ	ক্রেডিট
অর্জিত মুনাফা (১০০০৮৬০০৯)		মেয়াদী আমানতের উপর প্রাপ্ত আয় (৩০০০২১০০১)

প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগকে যে সকল ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে এফডিআর রক্ষিত আছে তাদের থেকে এফডিআরের বিবরণী ৩০.০৬.২০১৯ তারিখের মধ্যে সংগ্রহ করে কেন্দ্রীয় হিসাব বিভাগে জমা দিতে হবে।

৩.০ ঋণ ও অগ্রিমঃ

৩.১ অভিবাসী ঋণ হিসাব ঃ এতদ্‌বিষয়ে পরিচালনা বোর্ড কর্তৃক অনুমোদিত ঋণ বিতরণ গাইডলাইনে উল্লেখিত বিষয় অনুসরণ করতে হবে। এক্ষেত্রে অভিবাসী ঋণের স্থিতির উপর ৯% হারে মুনাফা হিসাবায়ন এবং ১,০০,০০০/- (এক লক্ষ) তদূর্ধ্ব ঋণের উপর ১১% হারে সুদ হিসাবায়ন করতে হবে। এছাড়া মেয়াদোত্তীর্ণ ঋণের উপর অতিরিক্ত ৩% হারে সুদ হিসাবায়ন করতে হবে। যে সকল ঋণ সম্পূর্ণ আদায় হয়েছে কিন্তু বন্ধ করা হয়নি সেই সকল ঋণ ২৭.০৬.২০১৯ তারিখের মধ্যে বন্ধ করতে হবে নতুবা সুদ চার্জ হবে। ভাউচার পদ্ধতি নিম্নরূপঃ

ডেবিট	বিবরণ	ক্রেডিট
অভিবাসী ঋণ হিসাব (১০০০৪১০০০)		অভিবাসন ঋণের প্রাপ্ত সুদ (৩০০০১১০০১)

ব্যাংকিং সফটওয়ারে ৩০.০৬.২০১৯ তারিখে অটো সুদ হিসাবায়ন হবে বিধায় শাখাসমূহ সফটওয়ারের Reports মডিউলে গিয়ে Interest Charge list (Migration Loan) প্রিন্ট করে উপরোল্লিখিত নিয়মে ভাউচার করবে।

উল্লেখ্য, ৩০.০৬.২০১৯তারিখের মধ্যে ০১.০৪.২০১৯ - ৩০.০৬.২০১৯তারিখ পর্যন্ত বিতরণকৃত ঋণের Principal Date, Expiry Date, 1st Installment Date সঠিক আছে কিনা তা পরীক্ষা পূর্বক নিশ্চিত হওয়ার জন্য নির্দেশনা দেয়া হলো।

৩.২ পূণর্বাসন ঋণ হিসাব ঃ এতদ্‌বিষয়ে পরিচালনা বোর্ড কর্তৃক অনুমোদিত ঋণ বিতরণ গাইডলাইনে উল্লেখিত বিষয় অনুসরণ করতে হবে। এক্ষেত্রে পূণর্বাসণ ঋণের স্থিতির উপর ১১% হারে সুদ হিসাবায়ন করতে হবে। এছাড়া মেয়াদোত্তীর্ণ ঋণের উপর অতিরিক্ত ৩% হারে সুদ হিসাবায়ন করতে হবে। ভাউচার পদ্ধতি নিম্নরূপঃ

ডেবিট	বিবরণ	ক্রেডিট
পুনর্বাসন ঋণ হিসাব (১০০০৪২০০০)		পুনর্বাসন ঋণের প্রাপ্ত সুদ (৩০০০১১০০২)

বাংকিং সফটওয়ারে ৩০.০৬.২০১৯তারিখে অটো সুদ হিসাবায়ন হবে বিধায় শাখাসমূহ সফটওয়ারের Reports মডিউলে গিয়ে Interest Charge list (Rehabilitation Loan) প্রিন্ট করে উপরোল্লিখিত নিয়মে ভাউচার করবে। ভাউচার পদ্ধতি নিম্নরুপঃ

ডেবিট	বিবরণ	ক্রেডিট
আবগারী শুল্ক (২০০০৪১০০৭)		আন্তঃব্যাংক লেনদেন হিসাব (প্রঃ কাঃ) (১৯৯৯৯৯৯৯৯)

উল্লেখ্য, ৩০.০৬.২০১৯তারিখের মধ্যে ০১.০৪.২০১৯ - ৩০.০৬.২০১৯পর্যন্ত বিতরণকৃত ঋণের Principal Date, Expiry Date, 1st Installment Date সঠিক আছে কিনা তা পরীক্ষা পূর্বক নিশ্চিত হওয়ার জন্য নির্দেশনা দেয়া হলো।

৩.৩ অভিবাসন ও পূনর্বসান ঋণের শ্রেণীবিন্যাস, প্রভিশনিং ও স্থগিত সুদের হিসাবায়নঃ গত ৩০.০৬.২০১৬ তারিখ হতে ৩০.০৩.২০১৯ পর্যন্ত যে সকল ঋণ হিসাব শ্রেণীকৃত হয়েছে সেই সকল ঋণ হিসাব হতে সুদ বাবদ যে পরিমাণ অর্থ Interest Suspense/স্থগিত সুদ হিসাবে অন্তর্ভুক্ত আছে সংশ্লিষ্ট শ্রেণীকৃত ঋণ হিসাব সমূহ হতে উক্ত পরিমাণ বা তার আংশিক পরিমাণ অর্থ বিগত সময়ে আদায় করা হলে উক্ত অর্থ শ্রেণীকৃত সময়ে জমাকৃত স্থগিত সুদ হিসাব/Interest Suspense হতে সুদ আয় খাতে ৩০.০৬.২০১৯তারিখের মধ্যে স্থানান্তর নিশ্চিত করতে হবে। সেক্ষেত্রে অভিবাসন ও পূনর্বাসন ঋণ হিসাবের স্থগিত সুদ হিসাব স্থানান্তরের পোস্টিং ও ভাউচার প্রস্তুত নিয়মাবলী নিম্নে দেওয়া হলোঃ

ডেবিট	বিবরণ	ক্রেডিট
অভিবাসন ঋণ স্থগিত সুদ হিসাব (200050201) (Migration Loan)		অভিবাসন ঋণের সুদ আয় (300011001) Interest on Migration Loan
পূনর্বাসন ঋণ স্থগিত সুদ হিসাব (200050202) (Rehabilitation Loan)		পূনর্বাসন ঋণের সুদ আয় (300011002) Interest on Rehabilitation Loan

সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক এই বিষয়টি নিশ্চিত করবেন।

৪.০ সার্ভিসিং ব্যাংকে সংরক্ষিত বিভিন্ন হিসাবের বিপরীতে প্রাপ্ত সুদ ও কর্তনকৃত উৎসে করের বিবরণী ঃ

০১.০১.২০১৯ হতে ৩০.০৬.২০১৯তারিখ পর্যন্ত শাখার নামে সার্ভিসিং ব্যাংকে সংরক্ষিত এসটিডি হিসাবের বিপরীতে প্রাপ্ত সুদ শাখার আয় খাতে হিসাবভুক্ত করতে হবে। হিসাব সমাপনীর তারিখে সংশ্লিষ্ট ব্যাংক হতে পরিচালিত এসটিডি হিসাবের স্থিতি নিশ্চিতকরণ সার্টিফিকেট সংগ্রহ করে তা ব্যাংকিং সফটওয়্যারের Back Office মডিউলের Account Statement এ Balance with other Banks এর সাথে মিলাতে হবে। কোনরূপ গরমিল পরিলক্ষিত হলে ব্যাংকের সহিত যোগাযোগ করে ৩০.০৬.২০১৯তারিখেই গরমিল সমন্বয় করতে হবে। এসটিডি হিসাবে কর্তনকৃত আবগারী শুল্ক (যদি কর্তন করে থাকে) শাখার খরচ খাতে হিসাবভুক্ত করতে হবে। ভাউচার পদ্ধতি নিম্নরূপঃ

ডেবিট	বিবরণ	ক্রেডিট
ব্যাংক হিসাব (১০০০২০০০০)		এসটিডি হিসাবে প্রাপ্ত সুদ (৩০০০২১০০২)
অগ্রপ্রদত্ত আয়কর (১০০০৭২১০০)		ব্যাংক হিসাব (১০০০২০০০০)
কর ও অভিকর (৪০০০৮০৯৫০)		ব্যাংক হিসাব (১০০০২০০০০)
কমিশন বাবদ খরচ (ব্যয় হিসাব) ৪০০০৬০১০১)		ব্যাংক হিসাব (১০০০২০০০০)

অগ্রপ্রদত্ত আয়করের স্থিতি ৩০.০৬.২০১৯তারিখের প্রধান কার্যালয়ে প্রেরণে নিম্নরূপ ভাউচার প্রস্তুত করে প্রেরণ করতে হবেঃ

ডেবিট	বিবরণ	ক্রেডিট
আন্তঃব্যাংক লেনদেন হিসাব (প্রঃ কাঃ)		অগ্রপ্রদত্ত আয়কর (১০০০৭২১০০)
(১৯৯৯৯৯৯৯৯)		

উল্লেখ্য, শাখায় পরিচালিত এসটিডি হিসাবের ৩০.০৬.২০১৯তারিখের সর্বশেষ ব্যাংক স্টেটমেন্ট সার্ভিসিং ব্যাংকের ব্যবস্থাপকের সত্যায়ন পূর্বক পরবর্তী মাসের অর্থাৎ ০২.০৭.২০১৯ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।

৫.১ প্রিন্টিং ষ্টেশনারী ঃ প্রধান কার্যালয়ের সাধারণ সেবা বিভাগ ০১.০৭.২০১৮ তারিখ হতে ৩০.০৬.২০১৯ এবং সকল শাখার শাখা ব্যবস্থাপক কর্তৃক ০১.০১.২০১৯ তারিখ হতে ৩০.০৬.২০১৯তারিখ পর্যন্ত প্রিন্টিং ষ্টেশনারী দ্রব্যাদির ব্যবহৃত সকল খরচ হিসাবভুক্ত করতে হবে। ভাউচার পদ্ধতি নিম্নরূপঃ

ডেবিট		ক্রেডিট
প্রিন্টিং ষ্টেশনারী (ব্যয়) (৪০০০৫০৪০১)		প্রিন্টিং ষ্টেশনারী (সম্পদ) (১০০০২৫০০১)

৫.২ সিকিউরিটি ষ্টেশনারী ঃ প্রধান কার্যালয়ের সাধারণ সেবা বিভাগ এবং সকল শাখার শাখা ব্যবস্থাপক কর্তৃক ০১.০১.২০১৯ তারিখ হতে ৩০.০৬.২০১৯তারিখ পর্যন্ত মুদ্রিত ষ্টেশনারী দ্রব্যাদির ব্যবহৃত সকল খরচ হিসাবভুক্ত করতে হবে। ভাউচার পদ্ধতি নিম্নরূপঃ

ডেবিট		ক্রেডিট
সিকিউরিটি ষ্টেশনারী (ব্যয়) (৪০০০৫০৪০২)		সিকিউরিটি ষ্টেশনারী (সম্পদ) (১০০০২৫০০২)

৬.০ সম্পত্তির উপর অবচয় নির্ধারণ/নির্ণয় :

যেসব সম্পদের ক্রয়ের তারিখ হতে অবচয় হার অনুযায়ী মেয়াদ উত্তীর্ণ হয়েছে সে সকল সম্পদের পুঞ্জিভূত অবচয় সমন্বয় পূর্বক এ বছরের অবচয় হিসাবায়ন করতে হবে। এক্ষেত্রে নিম্নোক্ত নিয়মাবলী পরিপালন করতে হবে।

Motor Cycle & Vehicle খাতে, **Office Machine + Hardware** খাতে এবং **Electric Equipment** খাতের অবচয়ের হার ২০% হওয়ায় আপনার শাখার সম্পদের তালিকা **Print** করে উক্ত সম্পদসমূহের তালিকায় উল্লেখিত ক্রয়ের তারিখ হতে গত ৩০.০৬.২০১৮ তারিখ পর্যন্ত ৫ বছর অবচয় হিসাবভুক্ত হয়েছে সেইসব সম্পদের **Book Value** পৃথকভাবে নির্ধারণ করে নিম্নোক্ত নিয়মে সম্পদের স্থিতি সমন্বয় করতে হবে। সেক্ষেত্রে ভাউচার ও পোস্টিং দিতে হবে এবং সমন্বয় পরবর্তী সম্পদের তালিকা হালনাগাদ করতে হবে।

ডেবিট		ক্রেডিট
পুঞ্জিভূত অবচয় (২০০০৩০৩০) Accumulated Depreciation		বৈদ্যুতিক সরঞ্জমাদি (১০০০৭৪০০৪) Electric Equipment
		অফিস যন্ত্রপাতি+হার্ডওয়্যার (১০০০৭৪০০২) Office Machine
		যানবাহন (১০০০৭৩০০০) Motor Cycle & Vehicle

Office Equipment খাতের অবচয়ের হার ১৫% হওয়ায় আপনার শাখার সম্পদের তালিকা **Print** করে উক্ত সম্পদসমূহের তালিকায় উল্লেখিত ক্রয়ের তারিখ হতে গত ৩০.০৬.২০১৮ তারিখ পর্যন্ত ৭ বছর অবচয় হিসাবভুক্ত হয়েছে সেইসব সম্পদের **Book Value** পৃথকভাবে নির্ধারণ করে নিম্নোক্ত নিয়মে সম্পদের স্থিতি সমন্বয় করতে হবে। সেক্ষেত্রে ভাউচার ও পোস্টিং দিতে হবে এবং সমন্বয় পরবর্তী সম্পদের তালিকা হালনাগাদ করতে হবে।

ডেবিট		ক্রেডিট
পুঞ্জিভূত অবচয় (২০০০৩০৩০) Accumulated Depreciation		অফিস সরঞ্জমাদি (১০০০৭৪০০৩) Office Equipment

উল্লেখ্য, প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট খাতসমূহের সম্পদ সমন্বয়ের জন্য সাধারণ সেবা বিভাগ কর্তৃক তালিকা হালনাগাদপূর্বক স্ব স্ব খাতের সম্পদ সমন্বয়ের তালিকা কেন্দ্রীয় হিসাব বিভাগকে প্রেরণ করতে হবে।

প্রবাসী কল্যাণ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
কেন্দ্রীয় হিসাব বিভাগ

উপরিউক্ত কার্যক্রম সম্পাদনের পর ২০১৮-২০১৯ অর্থ বছরে প্রধান কার্যালয় ও প্রতিটি শাখা ভিত্তিক স্থায়ী সম্পত্তির ব্যয় হিসাবানের জন্য আপনার শাখার Back Page of Statement Affairs Print করে (Furniture Fittings, Office Equipment, Electric Equipment, (Office Machine + Hardware & Software) খাতে যে স্থিতি আছে সেই স্থিতির উপর নিম্নে উল্লেখিত হারে অবচয় নির্ধারণ করে ৩০.০৬.২০১৯তারিখে নিম্নরূপ ভাউচার প্রস্তুত করে সফটওয়্যারে পোস্টিং দিতে হবে।

(ক) আসবাবপত্র ও সাজসরঞ্জাম = ১০%
(খ) অফিস সরঞ্জামাদি = ১৫%
(গ) অফিস যন্ত্রপাতি (Office Machine + Hardware & Software) = ২০%
(ঘ) বৈদ্যুতিক সরঞ্জামাদি = ২০%
(ঙ) যানবাহন = ২০%

Back Page of Statement Affairs অনুযায়ী স্থায়ী সম্পদের স্থিতির উপর খাত ভিত্তিক উপরিউক্ত হার অনুযায়ী অবচয় হিসাবায়নের জন্য ভাউচার পোস্টিং পদ্ধতি নিম্নরূপঃ

ডেবিট	বিবরণ	ক্রেডিট
অবচয় আসবাবপত্র ও সাজসরঞ্জাম (৪০০০৯০৪০১) Dep. On Furniture		পুঞ্জিভূত অবচয় (২০০০৩০৩০) Accumulated Depreciation
অবচয় বৈদ্যুতিক সরঞ্জামাদি (৪০০০৯০৪০৩) Dep. On Electric Equipment		
অবচয় অফিস সরঞ্জামাদি (৪০০০৯০৪০৫) Dep. On Office Equipment		
অবচয় অফিস যন্ত্রপাতি+হার্ডওয়্যার (৪০০০৯০৪০৮) Dep. On Office Machine		
অবচয় যানবাহন (৪০০০৯০৪০৪) Dep. On Vehicle		

৭. প্রদেয় হিসাবঃ কেন্দ্রীয় হিসাব বিভাগ কর্তৃক প্রধান কার্যালয়ের প্রদেয় খাতে রক্ষিত অনিষ্পন্ন এন্ট্রিসমূহ ২৬.০৬.২০১৯ তারিখের মধ্যেই নিষ্পন্নের পদক্ষেপ নিতে হবে। এছাড়া শাখায় প্রদেয় হিসাবে কোন এন্ট্রি অনিষ্পন্ন থাকলে প্রত্যেক শাখাকে সংযুক্ত 'ক' ছক অনুযায়ী বিবরণী ২৭.০৬.২০১৯ তারিখের মধ্যে কেন্দ্রীয় হিসাব বিভাগে প্রেরণ করতে হবে।

৮.০ আদায়যোগ্য হিসাব ঃ

কেন্দ্রীয় হিসাব বিভাগ কর্তৃক প্রধান কার্যালয়ের আদায়যোগ্য খাতের অনিষ্পন্ন এন্ট্রিসমূহ ২৬.০৬.২০১৯ তারিখের মধ্যেই নিষ্পন্নের পদক্ষেপ নিতে হবে। এক্ষেত্রে শাখা ব্যবস্থাপকগণ এ মর্মে নিশ্চিত হবেন যে, শাখায় যে সকল অগ্রিম বা পূণর্ভরণ অনুমোদনের প্রয়োজন আছে তা অবশ্যই ২১.০৬.২০১৯ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ের সাধারন সেবা বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। সাধারন সেবা বিভাগ ২৬.০৬.২০১৯ তারিখের মধ্যেই শাখা হতে/প্রধান কার্যালয়ের এ সকল অগ্রিম/পূণর্ভরণ সমন্বয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। ২৭.০৬.২০১৯ তারিখে পুনরায় অগ্রিম উত্তোলন করা যাবে। এছাড়া শাখায় আদায়যোগ্য হিসাবে কোন এন্ট্রি অনিষ্পন্ন থাকলে প্রত্যেক শাখাকে সংযুক্ত 'খ' ছক অনুযায়ী বিবরণী ০২.০৭.২০১৯ তারিখের মধ্যে কেন্দ্রীয় হিসাব বিভাগে প্রেরণ করতে হবে।

৯.০ জুন' ২০১৮ মাসের বেতন-ভাতাদি ও লাঞ্চ ভাতাঃ

ব্যাংকের প্রধান কার্যালয় এবং সকল শাখায় কর্মরত স্থায়ী কর্মকর্তা/কর্মচারীদের বেতন ভাতাদি ২০.০৬.২০১৯ তারিখে প্রদান করতে হবে এবং ৩০.০৬.২০১৯তারিখে লাঞ্চ ভাতা ও ক্লোজিং ভাতা প্রদান করতে হবে। বেতন প্রদানের পর পরই সাধারণ ভবিষ্য তহবিলের কর্তনকৃত চাঁদা, সুপারএ্যানুয়েশন খাতের চাঁদা এবং কর্মী কল্যাণ তহবিলের চাঁদা, বেতন হতে আয়কর কর্তনের তালিকা ২০.০৬.২০১৯ তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করতে হবে। এছাড়া অস্থায়ী ভিত্তিতে নিয়োজিত সকল কর্মকর্তা/কর্মচারীদের বেতন-ভাতাদি ৩০.০৬.২০১৯ তারিখে প্রদান করে ব্যয় হিসাবভুক্ত করতে হবে।

১০.১ ভবন ভাড়া ঃ প্রধান কার্যালয় ও যে সকল শাখা ভাড়াকৃত ভবনে অবস্থিত সে সকল শাখা ও প্রধান কার্যালয়ের জুন, ২০১৯ মাসের ভবন ভাড়া ২০.০৬.২০১৯ তারিখের মধ্যে প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১০.২ ভ্যাট/উৎসে আয়কর ও আবগারী শুল্ক স্থানান্তরঃ শাখাসমূহ ভবন ভাড়া/সরবরাহকারীর বিল হতে কর্তনকৃত ভ্যাট ও উৎসে কর এবং আমানতের উপর সুদের উপর কর্তনকৃত উৎসে কর এবং ঋণের উপর আবগারী শুল্ক এবং কর্মকর্তাদের বেতন হতে কর্তনকৃত আয়কর আগামী ২০.০৬.২০১৯ তারিখের মধ্যে নিম্নরূপ ভাউচারের মাধ্যমে প্রধান কার্যালয়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ ২৬.০৬.২০১৯ তারিখের মধ্যে ট্রেজারী চালানের মাধ্যমে সরকারী কোষাগারে জমা প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। ভাউচার পদ্ধতি নিম্নরূপঃ

প্রবাসী কল্যাণ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

কেন্দ্রীয় হিসাব বিভাগ

ডেবিট	বিবরণ	ক্রেডিট
ভ্যাট (২০০০৪১০০৪)		আন্তঃব্যাংক (প্রঃ কাঃ) (১৯৯৯৯৯৯৯৯)
উৎসে কর (২০০০৪১০০৩)		আন্তঃব্যাংক (প্রঃ কাঃ) (১৯৯৯৯৯৯৯৯)
আবগারী শুল্ক (২০০০৪১০০৭)		আন্তঃব্যাংক (প্রঃ কাঃ) (১৯৯৯৯৯৯৯৯)
বেতন ভাতা হতে কর্তনকৃত আয়কর (২০০০৪১০০৫)		আন্তঃব্যাংক (প্রঃ কাঃ) (১৯৯৯৯৯৯৯৯)

১১.০ ঋণ ঝুঁকি আচ্ছাদন স্কীম ঃ

ঋণ বিতরণের সময় ঋণ গ্রহীতাদের নিকট হতে ঋণ ঝুঁকি আচ্ছাদন স্কীমের জন্য গৃহীত চাঁদা ৩০.০৬.২০১৯তারিখে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। এক্ষেত্রে নিম্নরূপ ভাউচার করতে হবেঃ

ডেবিট	বিবরণ	ক্রেডিট
ঋণ ঝুঁকি আচ্ছাদন স্কীম (২০০০৮০০০৭)		আন্তঃব্যাংক (প্রঃ কাঃ) (১৯৯৯৯৯৯৯৯)

১২.০ হিসাব সমাপনী দিনে হালকা ভোজন ও যাতায়াত খরচ ঃ

সকল রাষ্ট্রায়াত্ত্ব ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে ক্লোজিং ভাতা প্রদান করা হয়। অত্র ব্যাংকে কর্মরত সকল নিয়মিত কর্মকর্তা ও কর্মচারীকে হিসাব সমাপনী দিনে অফিসে অতিরিক্ত সময় কাজ করার জন্য হালকা ভোজন ভাতা এবং যাতায়াত খরচ বাবদ- মোট ১,০০০/- (এক হাজার) টাকা প্রদান করতে হবে। উক্ত ব্যয় ক্লোজিং ভাতা খাতে হিসাবভুক্ত হবে। ভাউচার পদ্ধতি নিম্নরূপঃ

ডেবিট	বিবরণ	ক্রেডিট
ক্লোজিং ভাতা (৪০০০১০০২৪)		সংশ্লিষ্ট ব্যাংক হিসাব (১০০০২০০০০)

১৩.০ বৈষয়িক বিবরণী ঃ

১৩.১ সমাপনী পূর্ব ঃ ৩০.০৬.২০১৯তারিখ পর্যন্ত প্রধান কার্যালয়/শাখার প্রকৃত খরচ নির্ধারণের জন্য পরিশোধযোগ্য খরচ যা নিয়ন্ত্রণ বহির্ভূত কারনে পরিশোধ করা যাচ্ছে না (যেমন- ভবন ভাড়া, বিদ্যুৎ বিল, ডাক ঘরচ, টেলিফোন বিল, ইন্টারনেট বিল) সে সকল খরচের জন্য সংশ্লিষ্ট ব্যয় খাত ডেবিট করে বিবিধ প্রদেয় (Accounts Payable) হিসাব উপ-খাতে সাময়িক হিসাবভুক্তির মাধ্যমে ৩০.০৬.২০১৯তারিখের বৈষয়িক বিবরণী প্রস্তুত করতে হবে।

১৩.২ লাভ-ক্ষতি নিরুপণ ঃ Income & Expenditure প্রিন্ট করার পর জেনারেল লেজারে রক্ষিত ব্যয়ের খাতকে ক্রেডিট করে লাভ-ক্ষতি হিসাবকে ডেবিট করে ভাউচার করতে হবে। অন্যদিকে, জেনারেল লেজারে রক্ষিত আয় খাতকে ডেবিট করে লাভ-ক্ষতি সাধারণ হিসাব খাতকে ক্রেডিট করে ভাউচার করতে হবে।

ডেবিট	বিবরণ	ক্রেডিট
আয় হিসাব		লাভ-ক্ষতি হিসাব(১০০০৯০০০০)
লাভ-ক্ষতি সাধারণ হিসাব (২০০০১০১০০)		ব্যয় হিসাব

১৩.৩ সমাপনী উত্তর ঃ শাখার লাভ-ক্ষতি সাধারণ হিসাব নিরূপনের পর বৈষয়িক বিবরণী (Statement of Affairs After Closing) প্রিন্ট করে সমাপনী উত্তর ভাউচার প্রস্তুত করতে হবে। উক্ত সমাপনী উত্তর বৈষয়িক বিবরণীতে আয় ও ব্যয় খাতের টাকার পরিমাণ থাকবেনা। শাখা লাভ হলে নিম্নরূপ ভাউচার করতে হবেঃ

ডেবিট	বিবরণ	ক্রেডিট
লাভ-ক্ষতি সাধারণ হিসাব (১০০০৯০০০০)		আন্তঃব্যাংক (প্রঃ কাঃ) (১৯৯৯৯৯৯৯৯)

শাখা লোকসান হলে নিম্নরূপ ভাউচার করতে হবেঃ

ডেবিট	বিবরণ	ক্রেডিট
আন্তঃব্যাংক (প্রঃ কাঃ) (১৯৯৯৯৯৯৯৯)		লাভ-ক্ষতি সাধারণ হিসাব (১০০০৯০০০০)

বিঃদ্রঃ বর্তমানে সকল হিসাব কার্য সফটওয়ারের মাধ্যমে পরিচালিত হচ্ছে বিধায় বৈষয়িক বিবরণী সফটওয়ার হতে প্রিন্ট করে যথাসময়ে উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করতে হবে।

১৪.০ ওপেনিং এন্ট্রি ঃ

৩০ জুন, ২০১৯ তারিখ ভিত্তিতে হিসাব সমাপনীর পর পরবর্তী বছরের হিসাব ০১.০৭.২০১৯ তারিখ থেকে শুরু করতে হবে। এক্ষেত্রে ০১.০৭.২০১৯ তারিখে Statement of Affairs প্রিন্ট করে ভাউচার প্রস্তুত করতে হবে এবং ভাউচারের উপরে ওপেনিং এন্ট্রি লিখতে হবে। অতএব, পরবর্তী বছরের ০১.০৭.২০১৯ তারিখে স্থানান্তর ভাউচারের মাধ্যমে একটি ওপেনিং এন্ট্রি দিয়ে নিম্নরূপ ভাউচার প্রস্তুত করে হিসাব সম্পন্ন করতে হবেঃ

প্রবাসী কল্যাণ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
কেন্দ্রীয় হিসাব বিভাগ

ডেবিট	বিবরণ	ক্রেডিট
সম্পত্তি সমূহ (ব্যাংকে জমা, ঋণও অগ্রীম/স্থাবর ও অস্থাবর সম্পত্তি) (Statement of Affairs এর Debit Side)		সকল প্রকার দায় (যেমন: আমানত হিসাব/প্রদেয় ও অন্যান্য দায়) (Statement of Affairs এর Credit Side)

১৫.০ সকল শাখা ব্যবস্থাপক ও কেন্দ্রীয় হিসাব বিভাগ হিসাব সমাপনীর পূর্বে এই মর্মে নিশ্চিত হবেন যে,

(ক) বর্ণিত সার্কুলার অনুযায়ী সকল হিসাবায়ন কার্যাদি সম্পাদন করা হয়েছে ;

(খ) ঋণ ও সঞ্চয়ী আমানতের হিসাবে সুদ ব্যাংকের প্রচলিত নিয়মে ধার্য/নির্ণয় করা হয়েছে;

(গ) সার্ভিসিং ব্যাংক কর্তৃক এসএনডি হিসাবে সঠিক ভাবে সুদ প্রদান করা হয়েছে এবং ব্যাংক স্থিতি সঠিক আছে;

(ঘ) বিভিন্ন উৎসে কর ও ভ্যাট কর্তন সঠিক আছে;

(ঙ) সকল আদায়যোগ্য আদায় এবং সঠিকভাবে হিসাবভুক্ত করা হয়েছে;

(চ) জড় দ্রব্য ও ষ্টেশনারী দ্রব্য সঠিকভাবে গননাপূর্বক খরচ নির্নয় করা হয়েছে;

(ছ) ঋণ হিসাব ও আমানত হিসাবের ব্যালেন্সিং করা হয়েছে;

(জ) সকল হিসাব বই/লেনদেন বই ইত্যাদি যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত হয়েছে।

(ঝ) ব্যাংকের পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত শ্রেণীকরণ ও প্রভিশনিং নির্ভুলভাবে সম্পন্ন হয়েছে।

ব্যাংকের উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট ২০১৮-২০১৯ অর্থ-বছরের বার্ষিক হিসাব সমাপনীর তথ্য উপস্থাপন করতে হবে বিধায় আগামী ০৩.০৭.২০১৯ তারিখের মধ্যে সকল তথ্যাদি হালনাগাদ করে নেওয়ার জন্য নির্দেশ দেয়া হলো।

বিঃদ্রঃ বর্তমানে সকল হিসাব কার্য সফটওয়ারের মাধ্যমে পরিচালিত হচ্ছে বিধায় বৈষয়িক বিবরণী কম্পিউটার হতে প্রিন্ট করে যথাযথ ফাইলে সংরক্ষণ করতে হবে।

উপরিউক্তনির্দেশনা মোতাবেক ২০১৮-২০১৯ বার্ষিক হিসাব সমাপনী পরিপালনের জন্য নির্দেশনা দেয়া হ'ল। এ বিষয়ে কোন অস্পষ্টতা দেখা দিলে নিম্নস্বাক্ষরকারীর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

11.06.19
(মোহাম্মদ রায়হান সোহেল এসিএমএ)
এডিপি ও বিভাগীয় প্রধান

সদয় অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ
১. বিভাগীয় প্রধান (সকল), প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. শাখা ব্যবস্থাপক (সকল), প্রবাসী কল্যাণ ব্যাংক;
৩. ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
৪. সহকারী মহাব্যবস্থাপকদের দপ্তর, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
৫. আইটি বিভাগ, প্রবাসী কল্যাণ ব্যাংক প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬. অফিস কপি।

প্রবাসী কল্যাণ ব্যাংক

........................শাখা

সংযুক্তি-ক

শাখা কোড নং-

(ক) ৩০.০৬.২০১৯ তারিখ পর্যন্ত প্রদেয় হিসাবের প্রতিবেদন

৩০.০৬.২০১৮ তারিখে প্রদেয় হিসাবে অসমন্বিত	০১.০৭.২০১৮ থেকে ৩০.০৬.২০১৯ খ্রিঃ পর্যন্ত		৩০.০৬.২০১৯ তারিখে প্রদেয় হিসাবে অসমন্বিত
	প্রদেয় হিসাবে অন্তর্ভুক্তি	প্রদেয় হিসাবে সমন্বয়	
০১	০২	০৩	০৪(১+২-৩)

(খ) ৩০.০৬.২০১৯ তারিখে প্রদেয় হিসাবের বিবরণী (কলাম-০৪ এর বিবরণ)

ক্রমিক নং	অন্তর্ভুক্তির তারিখ	সংক্ষিপ্ত বিবরণ	অসমন্বিত টাকার অংক	মন্তব্য
		মোট =		

সঠিক হিসাবে প্রত্যায়িত

দ্বিতীয় কর্মকর্তা /দ্বিতীয় স্বাক্ষরকারী

ব্যবস্থাপক

প্রবাসী কল্যাণ ব্যাংক

.......................শাখা

সংযুক্তি-খ

শাখা কোড নং-

(ক) ৩০.০৬.২০১৯ তারিখ পর্যন্ত আদায়যোগ্য হিসাবের প্রতিবেদন

৩০.০৬.২০১৮ তারিখে আদায়যোগ্য হিসাবে অসমন্বিত	০১.০৭.২০১৮ থেকে ৩০.০৬.২০১৯ খ্রিঃ পর্যন্ত		৩০.০৬.২০১৯ তারিখে প্রদেয় হিসাবে অসমন্বিত
	আদায়যোগ্য হিসাবে অন্তর্ভূক্তি	আদায়যোগ্য হিসাবে সমন্বয়	
০১	০২	০৩	০৪(১+২-৩)

(খ) ৩০.০৬.২০১৯ তারিখে প্রদেয় হিসাবের বিবরণী (কলাম-০৪ এর বিবরণ)

ক্রমিক নং	অন্তর্ভূক্তির তারিখ	সংক্ষিপ্ত বিবরণ	অসমন্বিত টাকার অংক	মন্তব্য
		মোট =		

সঠিক হিসাবে প্রত্যায়িত

দ্বিতীয় কর্মকর্তা /দ্বিতীয় স্বাক্ষরকারী

ব্যবস্থাপক